

স্মারক নং: হাবিপ্রবি/ছাপনিবি/৬৪৩

তারিখ: ০৯-০৯-২০২১ খ্রী:

বিশ্ববিদ্যালয় দিবস ২০২১ উদযাপন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১১ সেপ্টেম্বর ২০২১ হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ২৩ বছরে পদার্পন করতে যাচ্ছে। উক্ত তারিখে ১৯৯৯ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তৎকালীন ও বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ভিত্তি প্রস্তর স্থাপন করেন। উক্ত দিবসটি প্রতি বছরের ন্যায় এ বছরও যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে। করোনাভাইরাস সংক্রমণের বিষয়টিকে বিবেচনায় নিয়ে দিবসটিকে ঘিরে সীমিত পরিসরে নিম্নোক্ত কর্মসূচীসমূহ আয়োজন করা হয়েছে। কর্মসূচীসমূহের আলোচনা সভায় এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক ও কর্মকর্তাগণকে জুম লিংক ব্যবহার করে যুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এবং কর্মচারীবৃন্দকে জনসংযোগ ও প্রকাশনা শাখার ফেইসবুক লাইভ পেইজে যুক্ত থেকে আলোচনা সভায় অংশ গ্রহণের জন্য বলা হলো।

কর্মসূচী

বিষয়	সময়	স্থান/মাধ্যম
জাতীয় পতাকা এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন	সকাল ৯.০০ টা	প্রশাসনিক ভবনের সম্মুখ
মুক্ত আকাশে শান্তির দূত পায়রা ও বেলুন উড্ডয়ন	সকাল ৯.০৫ টা	প্রশাসনিক ভবনের সম্মুখ
ArchSTU Exhibition এর শুভ উদ্বোধন	সকাল ৯.১৫ টা	প্রশাসনিক ভবনের সম্মুখ
বিশ্ববিদ্যালয়ের পুকুরে মাছের পোনা অবমুক্তকরণ	সকাল ৯.৪৫ টা	বিশ্ববিদ্যালয়ের পুকুর
শিক্ষার্থীদের অংশগ্রহনে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শীর্ষক অনলাইন কুইজ প্রতিযোগিতা	সকাল ১১.৩০টা	ভার্চুয়াল
বিশেষ মোনাজাত	বাদ জোহর	কেন্দ্রীয় মসজিদ
আলোকসজ্জা	সন্ধ্যা ৬.৩০ টা	বিশ্ববিদ্যালয়ের ভিত্তি প্রস্তর ফলক, প্রশাসনিক ভবন ও প্রধান গেট
বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা-প্রাপ্তি-প্রত্যাশা শীর্ষক আলোচনা সভা	সন্ধ্যা ৭.৩০ টা	ভার্চুয়াল

ধন্যবাদান্তে

(প্রফেসর ড. ইমরান পারভেজ)

সদস্য-সচিব, বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন কমিটি এবং  
পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ  
হাবিপ্রবি, দিনাজপুর।